জীবননগরে সময়ের সমীকরণের ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

জীবননগরে নানা আয়োজনে স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার (২৩ নভেম্বর) সকাল ১০টায় জীবননগর প্রেসক্লাবে আলোচনা সভার আয়োজন করা হয়। পরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৫ পাউন্ডের একটি কেক কাটা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর ব্যুরো প্রধান জাহিদ বাবু। জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম আর বাবুর সঞ্চালনায় প্রধান অতিথির বক্তব্য দেন জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম৷

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাসদের সাধারণ সম্পাদক ও সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক শামসুল আলম, জীবননগর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর খোকন মিয়া, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার জীবননগর ব্যুরো মাজেদুল মিল্টন, সময়ের সমীকরণ পত্রিকার ডেস্ক ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার পাঠক শাহাজাহান সিরাজ, ইনামুল হক, জীবননগর সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন, সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর সহকারী ব্যুরো মিঠুন মাহমুদপ্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম বলেন, ‘আমি সময়ের সমীকরণ পত্রিকাকে শুভকামনা জানাই। আশা করি এই পত্রিকা বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ অব্যাহত রাখবে।

দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ

পত্রিকার ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৮ম প্রতিষ্ঠা বার্ষিকীতে কেক কেটে জম্মদিন পালন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার রাত ৮ টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবীরের সভাপতিত্বে প্রধান অতিথি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, বিশেষ অতিথি দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ ও থানা শ্রমিক লীগের সভাপতি আব্দুর কাদির উপস্থিত থেকে এই কেক কাটা হয়।

এ সময় অতিথিরা বলেন, চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা জম্মলগ্ন থেকে বস্তুনিষ্ঠা সংবাদ পরিবেশন করে আসছে।দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা একটি পরিছন্ন পত্রিকা। আমরা যতটুকু জানি এই পত্রিকার মান অনেক ভালো। এই পত্রিকা উওর উওর সমৃদ্ধি হোক ও আরো ভালো ভালো সংবাদ পরিবেশন করুন এ প্রত্যশা করি।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজল, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ,সিনিয়র সাংবাদিক তাছির আহাম্মেদ,জাহিদুল ইসলাম মুকুল, এস এম সুজন, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান, হেলাল উদ্দিন সহ সাংবাদিকবৃন্দ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা ব্যুরো প্রধান মোজাম্মেল শিশির।

[redacted]

[redacted]

কেন্দ্রবিন্দু।

সাংবাদিক সমাজের দর্পন। রাষ্ট্রের ৪র্থ স্তম্ভ। জনবল ও লজিস্টিকস স্বল্পতার কারণে সমাজের রন্ধ্রে রন্ধ্রে লুকিয়ে থাকা সকল অপরাধ আর অপরাধীর খোঁজ পাওয়া পুলিশের একার পক্ষে দুঃসাধ্য। আপনাদের লেখনির মাধ্যমেই কেবল পুলিশ সমাজ বিরোধী কাজের পুঙ্খানুপুঙ্খ খোঁজ পেতে পারে। পুলিশ এবং সাংবাদিক পরস্পরের সহযোগী বন্ধু হিসাবে সত্যের সন্ধানে কাজ করে। পুলিশকে সমাজের আনাচে- কানাচে ঘটে যাওয়া অপরাধের সঠিক তথ্য দিয়ে সম্মানিত সাংবাদিকবৃন্দ পুলিশকে সহযোগিতা করবেন এটাই আমার প্রত্যাশা।

অসীম সাহসিকতা, বীরত্ব, আত্মত্যাগের ইতিহাসকে ধারণ করে সেবার সুমহান ব্রত নিয়ে আমি এবং আমার টিম আপনাদের সবাইকে সাথে নিয়ে কাজ করতে চাই। জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করণ এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে আমার চাকরির অভিজ্ঞতা, মেধা এবং প্রচেষ্টার সর্বোচ্চ প্রয়োগ করতে সচষ্টে থাকব। আপনাদের সহযোগিতায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী এবং নির্বাচন আচরণ বিধিমালা মোতাবেক পুলিশের উপর অর্পিত দায়িত্ব যথাযথ পালন করতে বদ্ধপরিকর। রাষ্ট্র, সংবিধান ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে আমরা দেশপ্রেম, পেশাদারিত্ব, সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনে অঙ্গীকারবদ্ধ। আমাদের এই দীপ্তপদের যাত্রায় আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

উক্ত মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি এ্যাডভোকেট মানিক আকবর, সাধারণ সম্পাদক সেলিম আহাম্মেদ, প্রথম আলো জেলা প্রতিনিধি শাহ্ আলম সনি, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান সহ জাতীয় ও স্থানীয় গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ ও জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগন।

অনুষ্ঠানটির সঞ্চালনার দায়িত্বে ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান চুয়াডাঙ্গা।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা

মেহেরপুর জেলা প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার প্রাক্কালে জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. মহা. আব্দুস সালাম ক্লাবে সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং বর্তমান প্রেক্ষাপট নিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন।

আজ শনিবার ১৮ নভেম্বর সকাল দশটায় মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সকল সদস্যের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় প্রেসক্লাবের সকল সদস্য তাদের নিজস্ব মতামত ব্যক্ত করেন। এ সময় প্রেসক্লাবের গত এক বছরের আয় ব্যয়ের হিসাব উত্থাপন করা হয। আগামী ২৪-২৫ সালের কমিটি নির্বাচন উপলক্ষে ৩ সদস্যের নির্বাচন পরিচালনা কমিটির অনুমোদন দেয়া হয়। অতঃপর মধ্যাহ্নভোজনের পূর্বে ক্লাবের পক্ষ থেকে নতুন দুই সদস্যকে বরণ করে নেয়া হয়। নতুন দুই সদস্য হলেন দৈনিক কালবেলার জেলার প্রতিনিধি খান মাহমুদ আল রাফি এবং সমাজের কথা প্রতিনিধি সোমেল রানাকে ফুল দিয়ে বরণ করে নেয়া হয়।

পরে কেরাম প্রতিযোগীতায় চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে পুরস্কার প্রদান করা হয়। খেলায় অংশগ্রহণকারী সদস্যদেরকেও সান্তনা পুরস্কার প্রদান করা হয়।

সবশেষে ২০২৩-২৪ সালের দ্বিবার্ষিক কমিটি গঠনের জন্য আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুকে প্রধান করে তিন সদস্যের নির্বাচন কমিটি সর্বসম্মতি ক্রমে অনুমোদন দেয়া হয়। নির্বাচন পরিচালনা কমিটির অন্য সদস্যরা হলেন আনোয়ারুল হক কালু ও মাহবুবুল হক মন্টু।

কয়েকদিন যাবত মেহেরপুর প্রেসক্লাবের অর্থযুগে পদার্পণের উদযাপন উপলক্ষে পরিচালিত বিভিন্ন কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের ক্যারাম প্রতিযোগিতার চ্যাম্পিয়ন তোজাম্মেল- রুপক জুটি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের প্রতিষ্ঠার ৭ বছর উপলক্ষে ক্যারাম প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে তোজাম্মেল আযম- মতুর্জা ফারুক রুপক জুটি। নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় সিরাজুদ্দোজা পাভেল-শাকিল রেজা জুটিকে পরাজিত করে।

শুক্রবার দিন ব্যাপী মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় ১৬ জন খেলোয়াড় ৮টি দলে বিভক্ত হন লটারির মাধ্যমে। প্রতিযোগীতার প্রথম পর্বে খেলা হয় ৪টি ম্যাচ। চার ম্যাচর বিজয়ী তোজাম্মেল-রুপক, মাসুদ-শাহিন, শাকিল-পাভেল, রাফি-সোমেল জুটি অংশ নেন সেমিফাইনাল পর্বে। সেমিফাইনালে বিজয়ী হয়ে তোজাম্মেল-রুপক জুটি এবং শাকিল-পাভেল জুটি বিজয়ী হয়ে ফাইনাল খেলার সুযোগ লাভ করে।

খেলায় মেহেরপুর অন্যদের মধ্যে ঢাকা মেইলের প্রতিনিধি তোফায়েল ও মাইটিভির গাংনী প্রতিনিধি মাসদ রানা, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বাংলা টিভি প্রতিনিধি আক্তারুজ্জামান ও সাংবাদিক এস এম তারেক, বাসস প্রতিনিধি দিলরুবা ও মেহেরপুর প্রতিদিনের নিজস্ব প্রতিনিধি উবাইদুল্লাহ সাদিক অংশ নেন।

আজ শনিবার প্রেস ক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে চ্যাম্পিয়ন, রানার্স আপ ও অংশগ্রহনকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

মেহেরপুরে আর্থসামাজিক উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা নিয়ে মতবিনিময় সভা

মেহেরপুরে আর্থসামাজিক উন্নয়নে করনীয় ও গণমাধ্যমের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় মতবিনিময় সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন অবঃ আব্দুল মালেক, মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. গাজী রহমান, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, কাজীপুর ডিগ্রি কলেজের প্রভাষক রিয়াজ উদ্দিন, শিক্ষক হাসান রুদ্র, সাংস্কৃতিক ব্যাক্তি শামীম জাহাঙ্গীর সেন্টু, আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল ও অ্যাডভোকেট শফিকুল ইসলাম প্রমুখ।

মতবিনিময় সভায় বক্তরা বলেন, একজন আত্মসচেতন ও বিবেকবান সংবাদকর্মী দেশ ও জাতির জন্য পথপ্রদর্শক। আধুনিক প্রচার মাধ্যম সমাজে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে চিন্তা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটিয়ে দক্ষ জনশক্তিতে পরিণত করতে গণমাধ্যম সহায়ক ভূমিকা পালন করতে পারে। সুবিধাবঞ্চিত জনপদ ও নাগরিকদের আধুনিক ও সমৃদ্ধ মানুষে পরিণত করার ক্ষেত্রে ভূমিকা রাখে। গণমাধ্যমই পারে মানুষকে নতুন নতুন চিন্তা, ধারণা ও পদ্ধতি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করে উন্নত সমাজ প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা পালন করতে।

মতবিনিময় সভায় মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সকল সদস্যের উপস্থিতিতে শামিম জাহাঙ্গীর সেন্টু বলেন, মেহেরপুরের সাংস্কৃতি খেলাধুলা লস প্রজেক্ট। মানুষের টাকা হয়েছে কিন্তু সংস্কৃতি মনা মানুষ হারিয়ে গেছে। টাকার বিনিময়ে সাংস্কৃতিক ও ক্রীড়াঙ্গন বিক্রি হয়ে গেছে।’

আবদুল্লাহ আল আমিন বলেন, গণমাধ্যম রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ।’

খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল বলেন, ‘গণমাধ্যমের ভূমিকার কারণেই মুজিবনগর উপজেলার মর্যাদা পেয়েছে।’

প্রভাষক রিয়াজ উদ্দিন বলে, ‘রেমিটেন্স ও কৃষিতে এখন উন্নত হচ্ছে গ্রামগুলো। তবে শিক্ষার অবস্থা খুবই খারাপ। গ্রামের ছেলেরা এখন শিক্ষা নেয়ার পরিবর্তে প্রবাসে যেতে বেশি আগ্রহী হয়ে উঠেছে। শিক্ষার হার কমে যাচ্ছে। এ ব্যাপারটি নিয়ে গণমাধ্যম কর্মীদের মনোযোগ দেয়া উচিত। ‘

অ্যাডভোকেট নজরুল ইসলাম বলেন, ‘মেহেরপুরে নারী শিশু নির্যাতন মামলার পরিমান বেশি। সব ক্ষেত্রে অস্থিরতা ও অসহিষ্ণুতার কারনে আর্থ সামাজিক উন্নয়নের অন্তরায় হচ্ছে। স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের মত সকল গণমাধ্যম ও সংবাদ কর্মীদের পেশাদারিত্ব বজায় রাখতে হবে। ‘

ঝিনাইদহে ভোরের চেতনা পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে দেশের অন্যতম শীর্ষ পত্রিকা জাতীয় দৈনিক ভোরের চেতনা ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ বুধবার বিকেলে ঝিনাইদহ প্রেস ইউনিটির কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে কেক কেটে পত্রিকাটির ২৫তম বর্ষে পদার্পণ উদযাপন করা হয়।

এই সময় ঝিনাইদহ প্রেস ইউনিটির সভাপতি সাহিদুল এনাম পল্লব এর সভাপতিত্বে ও পত্রিকার জেলা প্রতিনিধি আনোয়ার হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের মহিলা সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিও সংস্থার নির্বাহী পরিচালক সামছুল আলম। এছাড়াও উপস্থিত ছিল প্রেস ইউনিটির যুগ্ম সাধারণ সম্পাদক পাপন চৌধুরী, কোষাধ্যক্ষ মিশুক হাসান, সাংস্কৃতি সম্পাদক, তাপস কুণ্ডু, নির্বাহী সদস্য বাবলু মিয়া আবুল হাসান সহ অন্যান্য সদস্য ও আগত অতিথি বিন্দুরা।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন ভোরের চেতনা পত্রিকা ২৪বছর পূর্ণ করে ২৫ বছরে পদার্পণ করেছে। অল্প সময়ে পত্রিকাটি মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়তে সাংবাদিক ও মিডিয়ার ভূমিকা অপরিসীম। ভোরের চেতনা ঝিনাইদহের উন্নয়ন, দুর্নীতি সম্ভাবনা নিয়ে কাজ করছে আশা রাখি ভবিষ্যতে পত্রিকাটি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করবে প্রত্রিকার সাফল্য কামনা করি।

কোটচাঁদপুরে প্রবীন সাংবাদিক খোন্দকার শামসুজ্জামানের ইন্তেকাল

কোটচাঁদপুরের প্রবীন সাংবাদিক খোন্দকার শামসুজ্জামান (৬৫) মারা গেছে। তিনি ছিলেন,প্রেস ক্লাব কোটচাঁদপুরের প্রতিষ্ঠাতা সভাপতি। রবিবার গভীর রাতে শ্বাসকষ্ট জনিত কারণে মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন মৃতের পরিবার।

জানা যায়, প্রবীন সাংবাদিক শামসুজ্জামান বেশ কিছু যাবত শ্বাসকষ্ট জনিত কারণে অসুস্থ্য ছিলেন। গতকাল রবিবার রাতে হঠাৎ করে গুরুতর অসুস্থ্য হয়ে পড়েন তিনি। এ সময় ওনার ছেলে আব্দুল্লাহ বাশার কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে চিকিৎসা শুরুর আগে মৃত্যুর কোলে ঢলে পড়েন, প্রবীন এ সাংবাদিক। সবাইকে কাঁদিয়ে চলে গেলেন,না ফেরার দেশে। মৃত্যুর সময় তিনি এক মেয়ে এক ছেলে,স্ত্রীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

এদিকে প্রবীন সাংবাদিকের মৃত্যুর খবরে সোমবার সকালে তাঁকে এক

নজর দেখতে কোটচাঁদপুর কলেজ বাসস্ট্যান্ডের খোন্দকার পাড়ার বাসায় ছুটে আসেন শত শত শুভাকাংক্ষি।
আজ সোমবার যোহর বাদ সরকারি কে,এম,এইচ ডিগ্রি কলেজ মাঠে মরহুমের জানাজার নামাজ শেষে সাংবাদিক খোন্দকার শামসুজ্জামানকে খোন্দকার পাড়ায় পারিবারিক করব স্থানে দাফন সম্পন্ন করা হয়।

তিনি ছিলেন, প্রেস ক্লাব কোটচাঁদপুরের প্রতিষ্ঠাতা সভাপতি,বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা,কোটচাঁদপুর উপজেলা শাখার সহ সভাপতি,বাজেবামনদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির প্রাক্তন সদস্য ও সভাপতি, কোটচাঁদপুর মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির প্রাক্তন সদস্য,ঢাকা আহসানিয়া মিশন পরিবেশ (আপস) এর মাস্টার ট্রেইনার।

সাংবাদিক শামসুজ্জামান কোটচাঁদপুর খোন্দকার পাড়ার মৃত রহমতউল্লার বড় ছেলে। তিনি ছিলেন,দৈনিক বীর জনতা পত্রিকার নিজস্ব প্রতিবেদক আব্দুল্লাহ বাশারের পিতা।

সাংবাদিক শামসুজ্জামানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন, কোটচাঁদপুর রিপোর্টার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার,সহসভাপতি আব্দুল খালেক বিশ্বাস, যুগ্ন সম্পাদক মনোজ মালাকার, প্রচার সম্পাদক রাম জোয়াদ্দার,সদস্য আকিমুল ইসলাম, রোকুনুজ্জামানসহ শোক প্রকাশ করেছেন, সাংবাদিক মঈন উদ্দিন।

শেখ হাসিনাতেই আস্থা: মেট্রোরেল চড়লেন প্রায় ৩ শ’ সাংবাদিক

রাজধানীতে বিভিন্ন গণমাধ্যমে কর্মরত প্রায় ৩০০ সাংবাদিক ভ্রমণ করলেন মেট্রোরেল। প্রেস ক্লাব থেকে যাত্রা করে উত্তরার উত্তর স্টেশনে নেমে মেতেছিলেন তুমুল আড্ডায়। সঙ্গে ছিলো সঙ্গীত শিল্পী বৃষ্টি দে’র কণ্ঠে চমৎকার সব গানের পরিবেশনা। প্রায় দেড় ঘণ্টার

ওই আড্ডায় যোগ দিয়েছেলেন সিনিয়র সাংবাদিকরাও।

রবিবার সকাল পৌনে ৯টায় প্রেস ক্লাব স্টেশন থেকে যাত্রা শুরু করে সোয়া ৯টায় উত্তরা উত্তর স্টেশনে পৌঁছান সাংবাদিকরা।

বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রার মধ্য মণি প্রধানমন্ত্রীর শেখ হাসিনা। তার হাত ধরেই গত ১৫ বছর বাংলাদেশ শুধু এগিয়ে যাচ্ছে সামনের দিকে। বাংলাদেশের বদলে যাওয়ার গল্প তার হাত ধরেই। মেট্রোরেল, পদ্মা সেতু, দোহাজারী-কক্সবাজার রেলপথ, মাতারবাড়ি বিদ্যুৎ কেন্দ্র, মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর, পায়রা সমুদ্র বন্দর, কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু টানেল, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দররের তৃতীয় টার্মিনাল, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, এলিভেটেড এক্সপ্রেসওয়ে থেকে শুরু করে এরকম বহু স্থাপনা তৈরি হয়েছে গত ১৫ বছরে। যেগুলো এখন বাংলাদেশের অর্থনীতির অগ্রযাত্রায় গুরুত্ত্বপূর্ণ ভূমিকা পালন।

বাংলাদেশের এগিয়ে যাওযাকে সমর্থন জানিয়ে শেখ হাসিনাতেই আস্থা রাখতে চান বাংলাদেশের মানুষ। দেশের উন্নয়ন, অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে সাধারণের মত দেশের সাংবাদিক সমাজও ‘শেখ হাসিানেতই আস্থা’ রাখতে চান।

বাংলাদেশ অবজারভারের সম্পাদক ও সাংবাদিক নেতা ইকবাল সোবহান চৌধুরী, জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও যুগান্তর সম্পাদক সাইফুল আলম, বাসসের ব্যবস্থাপনা সম্পাদক আবুল কালাম আজাদসহ সিনিয়র সাংবাদিকরা।

সকালের নাস্তা শেষে গান পরিবশেন করেন শিল্পী বৃষ্টি দে। গানের শেষে সকল সাংবাদিকদের উপস্থিতিতে অনুষ্ঠিত হয় ফটোসেশন। সবেশেষে সাংবাদকিরা সকাল ১১টা ১০ মিনিটের মেট্রোরেল চড়ে আবারও প্রেস ক্লাব আসেন।

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে মোহনা টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে পালিত হয়েছে মোহনা টেলিভিশনের প্রতিষ্ঠা বার্ষিক। প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও কেক কেটে জনপ্রিয় টেলিভিশন চ্যানেল মোহনা টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

টেলিভিশনটির ১৪ বছরে পদার্পণ উপলক্ষে এ আয়োজন করা হয়। শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে আয়োজিত মোহনা টেলিভিশন প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় সভাপতিত্ব করেন মোহনা টেলিভিশনের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি সাইফ জাহান।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, দৈনিক পশ্চিমাঞ্চলের সম্পাদক আজাদ মালিতা ও গড়াইটুপি ইউপি চেয়ারম্যান রাজু।

প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে র্যালি পরবর্তী আলোচনা সভায় বক্তব্য রাখেন ৭১ টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি এমএ মামুন, বাংলাদেশ প্রতিদিন ও নিউজ টয়েন্টিফোরের চুয়াডাঙ্গা প্রতিনিধি জামান আখতার এবং সিনিয়র সাংবাদিক শেখ সেলিম। অনুষ্ঠানে বক্তারা মোহনা টেলিভিশনের সমৃদ্ধি কামনা করেন।